

RBI/2015-2016/413

DPSS.CO.PD.No./2895/02.10.002/2015-2016

মে 26, 2016

চেয়ারম্যান এবং প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য নির্বাহী আধিকারিক

আরআরবি সহ সকল তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক/ শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক/ রাজ্য সমবায় ব্যাঙ্ক/ জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক/ অনুমোদিত এটিএম নেটওয়ার্ক অপারেটর/ কার্ড পেমেন্ট নেটওয়ার্ক অপারেটর/ হোয়াইট লেবেল এটিএম অপারেটর

মহাশয়া/মহাশয়,

**এটিএম-এ কার্ড প্রদর্শন(সিপি) ভিত্তিক লেনদেনের ক্ষেত্রে নিরাপত্তা প্রদান এবং ঝুঁকি নিরসন সংক্রান্ত পদক্ষেপ**

অনুগ্রহ করে আমাদের মে 07,2015 তারিখাঙ্কিত সারকুলার RBI/2014-15/589 DPSS(CO) PD.CO.No.2112 / 02.14.003 / 2014-2015 এবং অগস্ট 27, 2015 তারিখাঙ্কিত RBI/2015-16/163 DPSS CO.PD.No.448/02.14.003/2015-16 দেখুন যেগুলিতে ব্যাঙ্কগুলিকে ম্যাগনেটিক স্ট্রাইপ কার্ড থেকে সরে এসে ইএমভি চিপ এবং পিন নির্ভর কার্ড জারি করার সময়নির্দেশিকা সম্পর্কে জানানো হয়েছে।

2. যদ্যপি দেশের পিওএস প্রাপ্ত ভিত্তিক পরিকাঠামোকে ইএমভি চিপ এবং পিন কার্ড গ্রহণ এবং প্রয়োগগত ব্যবহারের জন্য সক্ষম করে তোলা হয়েছে, তথাপি এটিএম পরিকাঠামো সার্বিকভাবে এটিএম কার্ড ভিত্তিক লেনদেন প্রক্রিয়া, ম্যাগনেটিক স্ট্রাইপ সূত্রে প্রাপ্ত ডেটার উপর ভিত্তি করেই সম্পাদন করে চলেছে। তার ফলে, কার্ডগুলি ইএমভি চিপ এবং পিন নির্ভর হওয়া সত্ত্বেও এটিএম কার্ড ভিত্তিক লেনদেন ব্যবস্থা স্কিমিং, ক্লোনিং প্রভৃতি প্রতারণা পদ্ধতির কাছে সহজভেদ্য (ভালনারেবল)থেকে যাচ্ছে। একারণে এটিএম গুলিতে ইএমভি চিপ এবং পিন কার্ড-এর গ্রহণ ও প্রয়োগগত ব্যবহারকেও আবশ্যিক করা প্রয়োজনীয় হয়ে উঠেছে। এটিএম-এ ইএমভি চিপ এবং পিন কার্ডের কনট্যাক্ট চিপ-নির্ভর প্রয়োগগত ব্যবহার কেবলমাত্র এটিএম-এ লেনদেনের সুরক্ষা এবং নিরাপত্তাই বৃদ্ধি করবেনা উপরন্তু তা, প্রস্তাবিত

“ইএমভি লায়াবিলিটি শিফট” যখন এবং যেভাবে কার্যকরী হবে, তার জন্যও ব্যাঙ্কের প্রস্তুতি প্রক্রিয়াকে সরল করবে।

3. সেকারণে, ভারতীয় ব্যাঙ্কসমূহ এবং হোয়াইট লেবেল এটিএম অপারেটরদের এটা নিশ্চিত করতে বলা হয়েছে যে তাদের দ্বারা স্থাপিত/পরিচালিত উপস্থিত যাবতীয় এটিএম যেন সেপ্টেম্বর 30, 2017-এর মধ্যে ইএমভি চিপ এবং পিন কার্ডের প্রয়োগগত ব্যবহারের জন্য সক্ষম হয়ে ওঠে। সমস্ত নতুন এটিএম-গুলিতে সূচনাপর্ব থেকেই আবশ্যিকভাবে ইএমভি চিপ এবং পিন ব্যবস্থার প্রক্রিয়াগত ব্যবহারের সক্ষমতা প্রদান করে রাখতে হবে। ব্যাঙ্কসমূহ, তাদের এটিএম লেনদেন সংক্রান্ত সুইচিং, ক্লিয়ারিং এবং সেটলমেন্ট কার্যগুলি সম্পাদনের উদ্দেশ্যে, তাদের বোর্ডের অনুমোদন সাপেক্ষে যেকোনও অনুমতিপ্রাপ্ত এটিএম/কার্ড নেটওয়ার্ক প্রোভাইডারের সাথে যুক্ত হতে পারে।

4. অধিকন্তু, কার্ড নির্ভর অর্থপ্রদানের সার্বিক ব্যবস্থাপনায় সমতা নিশ্চিত করার উদ্দেশ্যে, ব্যাঙ্কসমূহ, তাদের সেইসব মাইক্রো-এটিএম যেগুলিকে কার্ড ভিত্তিক অর্থপ্রদান সংক্রান্ত কার্যনিষ্পাদনের সক্ষমতা প্রদান করা হয়েছে সেগুলিতে উপরোক্ত আবশ্যিকতাগুলি রূপায়িত করবে।

5. জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর/মার্চ-এ সমাপ্য ত্রৈমাসিকের জন্য ত্রৈমাসিক সমাপ্তির পরবর্তী মাসের 15 তারিখের মধ্যে অন্তে বর্ধিত (অ্যাপেন্ডেড) ফর্মায় মুখ্য মহাপ্রবন্ধক, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, অর্থপ্রদান এবং নিষ্পত্তি প্রণালী বিভাগ, কেন্দ্রীয় কার্যালয়, মুম্বই-এর কাছে একটি ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রসরমানতার তথ্যজ্ঞাপন সংক্রান্ত প্রতিবেদন (কোয়ার্টারলি প্রোগ্রেস রিপোর্ট) প্রেরণ করতে হবে।

6. এই আদেশবিধিটি, পেমেন্ট অ্যান্ড সেটলমেন্ট সিস্টেমস অ্যাক্ট 2007(2007-এর অ্যাক্ট 51)-এর ধারা 10(2) তৎসহ পঠিতব্য ধারা 18-এর অধীনে জারিকৃত।

আপনাদিগের বিশ্বস্ত

(নন্দা এস. দাভে)

মুখ্য মহাপ্রবন্ধক

এটিএম-এ ইএমভি চিপ এবং পিন ব্যবস্থাপনা প্রয়োগ সংক্রান্ত প্রতিবেদন

ব্যাক্স/ডাব্লিউএলএ-র নাম

সমাপ্ত ত্রৈমাসিকের উপর প্রতিবেদন

| ব্যাক্স কর্তৃক স্থাপিত এটিএম-এর<br>সর্বমোট সংখ্যা | এটিএম যোগ্যলিকে ত্রৈমাসিকের<br>মেয়াদকালে ইএমভি চিপ এবং<br>পিন ব্যবস্থাপনা প্রয়োগের জন্য<br>সক্ষম করে তোলা হয়েছে | ত্রৈমাসিকের শেষে যেকটি<br>এটিএম কে ইএমভি চিপ এবং<br>পিন ব্যবস্থাপনা প্রয়োগের জন্য<br>সক্ষম করে তোলা হয়েছে তার<br>সর্বমোট সংখ্যা |
|---|--|---|
|   |  |   |
|   |  |   |